

# গবেষণা সহযোগিতা জোরদারে ঢাবি ও এসিইউর বৈঠক

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ১১ জুন, ২০২৬ ১৯:৫৫



গবেষণা সহযোগিতা জোরদারের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) এবং অ্যাসোসিয়েশন অব কমনওয়েলথ ইউনিভার্সিটিস (এসিইউ)-এর মধ্যে বৈঠক হয়েছে।

বৃহস্পতিবার (১১ জুন) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট  
ভবনে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

ঢাবি উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলামের  
সভাপতিত্বে বৈঠকে এসিইউ মহাসচিব অধ্যাপক কলিন  
রিওর্ডান এবং দক্ষিণ এশিয়ায় মেম্বারশিপ এনগেজমেন্ট  
লিড মিস ইকিতা পোখারনা বক্তব্য দেন।

বৈঠকে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে বৈশ্বিক নেটওয়ার্ক ও  
অংশীদারি শক্তিশালী করা, ঢাবির তরুণ শিক্ষক ও  
শিক্ষার্থীদের কমনওয়েলথ বিশ্ববিদ্যালয়গুলোতে  
উচ্চশিক্ষার জন্য বৃত্তি ও ফেলোশিপ বৃদ্ধি এবং যৌথ  
গবেষণার সুযোগ সম্প্রসারণসহ নানা বিষয়ে আলোচনা  
হয়। এছাড়া শিক্ষার্থী ও শিক্ষক উদ্ভুদ্ধকরণ কর্মসূচি  
গ্রহণের সম্ভাব্যতা নিয়েও মতবিনিময় হয়।

বৈঠকে বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয়গুলোর উচিত  
উদ্ভাবন ও উদ্যোক্তা ইকোসিস্টেম শক্তিশালী করতে

একসঙ্গে কাজ করা, যা শিক্ষার্থী ও গবেষকদের  
ধারণাগুলোকে বাস্তব সমাধানে রূপান্তর করতে সক্ষম  
করবে।

এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, ডিজিটাল রূপান্তর  
এবং শিক্ষাদান, শিখন ও গবেষণায় উদীয়মান প্রযুক্তির  
দায়িত্বশীল একীকরণের ক্ষেত্রে আমাদের সহযোগিতা  
আরো গভীর করতে হবে। আমাদের অবশ্যই এমন  
অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক উচ্চশিক্ষা ব্যবস্থার  
প্রসার অব্যাহত রাখতে হবে, যেখানে কোনো শিক্ষার্থী  
পিছিয়ে থাকবে না।

তিনি আশা প্রকাশ করেন, এসিইউ মহাসচিবের এ সফর  
ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কমনওয়েলথ  
বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সহযোগিতা জোরদারে  
কার্যকর ভূমিকা রাখবে।

বৈঠকে ঢাবির প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড.  
আবদুস সালাম, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)  
অধ্যাপক ড. মোহাম্মদ আলমোজাদেদী আলফেছানী,  
কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরীসহ  
বিভিন্ন অনুষদের ডিন, হলের প্রাধ্যক্ষ, বিভাগীয়  
চেয়ারম্যান ও ইনস্টিটিউট পরিচালকরা উপস্থিত ছিলেন।

বৈঠক শেষে এসিইউ মহাসচিব উপাচার্যের কার্যালয়ে  
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে পৃথকভাবে আলোচনা  
করেন।